

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

নং- ৪৬.০৪২.০১৯.০৩.০০.১৩৮.২০১৪.২০৭৩


তারিখ : ২১/৮/২০১৬।

বিষয় : সাতক্ষীরা জেলা পরিষদের সার্ভেয়ার জনাব মোঃ হাসানুজ্জামান এর বিরুদ্ধে আনীত অভিযোগ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২০ আগস্ট ২০১৬ তারিখে প্রকাশিত দৈনিক সমকাল পত্রিকায় নিয়ম বহির্ভূতভাবে সাতক্ষীরা জেলা পরিষদের গাছ কর্তনের অভিযোগ সম্বলিত খবর প্রচার করা হয়। প্রকাশিত খবরে উল্লেখ করা হয় যে, সাতক্ষীরা জেলার সদর উপজেলার ব্রহ্মরাজপুর বাজারের সাতক্ষীরা-আশাশুনি সড়কের ধারে লাগানো জেলা পরিষদের মালিকানাধীন ৫টি শিরীষ চটকা গাছ মরা ও বুকিপূর্ণ দেখিয়ে কেটে ফেলার সময় জনগণের প্রতিরোধে তা পণ্ড হয়ে যায়। ব্রহ্মরাজপুর বাজারের গাজী মার্কেটের সামনের সড়কের পূর্ব পাশে দুটি মার্কেট নির্মাণ করা হচ্ছে। মার্কেটের মালিক শেখ ফারুক হোসেন ও গৌরাজ মল্লিক তাদের সুবিধার জন্য জেলা পরিষদের গাছগুলো কেটে ফেলার উদ্যোগ নেন। তাদের কাছ থেকে মোটা অংকের উৎকোচ নিয়ে জেলা পরিষদের সার্ভেয়ার জনাব মোঃ হাসানুজ্জামান ঐ গাছগুলোকে মরা এবং জনগণের জন্য বিপদজনক উল্লেখ করে কেটে ফেলার সুপারিশ করেন (পত্রিকার কাটিং সংযুক্ত)।

২। এমতাবস্থায়, সাতক্ষীরা জেলার সদর উপজেলার ব্রহ্মরাজপুর বাজারের সাতক্ষীরা-আশাশুনি সড়কের ধারে লাগানো জেলা পরিষদের মালিকানাধীন ৫টি শিরীষ চটকা গাছ মরা ও বুকিপূর্ণ দেখিয়ে কেটে ফেলার উদ্যোগ গ্রহণের জন্য সাতক্ষীরা জেলা পরিষদের সার্ভেয়ার জনাব মোঃ হাসানুজ্জামানকে অবিলম্বে সাময়িক বরখাস্ত করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

  
(জুবাইদা নাসরীন)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, সাতক্ষীরা

অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
- ৩। প্রশাসক, জেলা পরিষদ, সাতক্ষীরা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



" ২ )

দৈনিক সমকাল  
২০/৮/২০২৩

সাতক্ষীরা-আশাশুনি সড়কে ব্রহ্মরাজপুর

## সাতক্ষীরায় প্রতিরোধে গাছ কাটা বন্ধ হলো

■ সাতক্ষীরা প্রতিনিধি  
সদর উপজেলার ব্রহ্মরাজপুর বাজারের সাতক্ষীরা-আশাশুনি সড়কের ধারে লাগানো জেলা পরিষদের মালিকানাধীন ৫টি শিরীষ চটকা গাছ মরা ও ঝুঁকিপূর্ণ দেখিয়ে কেটে ফেলার সময় জনগণের প্রতিরোধের মুখে তা পণ্ড হয়ে গেছে। এ সময় ঘটনাস্থল থেকে গাছ কাটার সঙ্গে জড়িত জেলা পরিষদ সার্ভেয়ারসহ অন্যরা দ্রুত পালিয়ে যান। জেলা পরিষদের অনুমোদন সাপেক্ষে গুজরার অফিস ছুটির সুযোগকে কাজে লাগিয়ে সকালে এ গাছগুলো কেটে ফেলা হচ্ছিল। জনগণ বাধা দেওয়ার আগেই গাছের ডালপালা সব কেটে ফেলা হয়। গাছগুলোর মূল্য আনুমানিক ৪ লাখ টাকা।

জেলা পরিষদের মালিকানাধীন সাতক্ষীরা-আশাশুনি সড়কের দুই ধারে বড় বড় মূল্যবান শিরীষ চটকা গাছ রয়েছে। সম্প্রতি সদর উপজেলার ব্রহ্মরাজপুর বাজারের গাজী মার্কেটের সামনের সড়কের পূর্ব পাশে দুটি মার্কেট নির্মাণ করা হচ্ছে। নির্মাণাধীন এই মার্কেটের সামনে সড়কের ধারে ৫টি মূল্যবান শিরীষ চটকা গাছ রয়েছে। মার্কেটের মালিক শেখ ফারুক হোসেন ও গৌরাঙ্গ মল্লিক তাদের সুবিধার জন্য জেলা পরিষদের মালিকানাধীন ওই গাছগুলো কেটে ফেলার উদ্যোগ নেন। তারা এর জন্য জেলা পরিষদের সার্ভেয়ার হাসানুজ্জামানকে ম্যানেজ করেন। মার্কেটের মালিক পক্ষের কাছ থেকে মোটা অঙ্কের উৎকোচের বিনিময়ে জেলা পরিষদের সার্ভেয়ার হাসানুজ্জামান ওই গাছগুলো মরা এবং জনসাধারণের জন্য বিপজ্জনক উল্লেখ করে তা কেটে ফেলার জন্য সুপারিশ করেন।

জেলা পরিষদের সার্ভেয়ার হাসানুজ্জামান ঘৃষ গ্রহণের কথা অস্বীকার করে বলেন, গাছগুলো বিপজ্জনক হওয়ায় সেগুলো কেটে ফেলার উদ্যোগ নেওয়া হয়েছিল। জেলা পরিষদের অনুমোদন সাপেক্ষেই সড়কের ধারের এসব গাছ কাটা হচ্ছিল, কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের সুবিধার জন্য নয় বলে তিনি উল্লেখ করেন। তিনি বলেন, জেলা পরিষদের উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে পরে গাছ কাটা বন্ধ করে দেওয়া হয়।

২০/৮/২৩  
সাতক্ষীরা  
সদর  
ব্রহ্মরাজপুর  
সড়ক

সু:প্র (শি:)  
বি:প্র (শি:)  
সু:প্র (শি:)  
২০/৮/২৩